



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/১২১৩

তারিখ : ২৪/০৭/২০১৯

বিষয় : ২০১৯ সালে ৮ম ও ২০১৮ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯ সালে ৮ম ও ২০১৮ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কিছুসংখ্যক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে পারেনি বিধায় আগামী ২৫/০৭/২০১৯ হতে ৩১/০৮/২০১৯ তারিখের মধ্যে উক্ত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিয়ে) করতে হবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো :

- (১) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন (জেএসসি) ফি : ১১০/-
(২) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন (এসএসসি) ফি : ২৭৩/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর আর কোন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

